

**প্রেস বিজ্ঞপ্তি**  
**ঢাবি শিক্ষকদের জন্য কর্মশালা অনুষ্ঠিত**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (IQAC)-এর উদ্যোগে শিক্ষক ও গবেষকদের জন্য “How to Develop/Write a Grant-Winning Research Proposal” শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালাটি ৯ ফেব্রুয়ারি ২০২৫, রবিবার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের মুজাফফর আহমদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

কর্মশালার প্রধান অতিথি ও উদ্বোধক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও কোয়ালিটি অ্যাসুরেন্স কমিটির চেয়ারম্যান অধ্যাপক নিয়াজ আহমেদ খান।

IQAC-এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. শাহ আমরান স্বাগত বক্তব্য প্রদান করেন।

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন IQAC-এর পরিচালক অধ্যাপক ড. এম. রেজাউল ইসলাম। তিনি “How to Develop/Write a Grant-Winning Research Proposal” শীর্ষক উপস্থাপনায় গবেষণা প্রস্তাবনা তৈরির কৌশল এবং অনুদান অর্জনের কৌশল সম্পর্কে আলোকপাত করেন। পাশাপাশি, আন্তর্জাতিকভাবে গবেষণা অনুদানের জন্য গবেষণা প্রস্তাব তৈরির গুরুত্ব এবং পিয়ার-রিভিউড জার্নালে গবেষণা প্রকাশের নির্দেশনা প্রদান করেন।

কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের মোট ৫০ জন শিক্ষক ও গবেষক অংশগ্রহণ করেন। আলোচনাসভায় অংশগ্রহণকারীরা বিভিন্ন প্রশ্ন উত্থাপন করেন এবং কর্মশালার কার্যকারিতা বাড়ানোর বিষয়ে মতামত দেন। এ সময় তারা অনুষদভিত্তিক পৃথক কর্মশালা আয়োজনের পরামর্শ দেন, যাতে নির্দিষ্ট বিষয়ভিত্তিক গবেষণার চাহিদা আরও ভালোভাবে পূরণ করা যায়। এছাড়া, ইনস্টিটিউশনাল রিভিউ বোর্ড (IRB) গঠনের প্রয়োজনীয়তা এবং এ ধরনের কর্মশালা নিয়মিত আয়োজনের ওপর গুরুত্বারোপ করেন।

**Press Release**  
**Workshop held for DU Teachers**

**Institutional Quality Assurance Cell (IQAC), University of Dhaka** organized a workshop for teachers and researchers on “**How to Develop/Write a Grant-Winning Research Proposal**” at **Muzaffar Ahmed Chowdhury Auditorium, Faculty of Social Sciences, University of Dhaka, on February 09, 2025 (Sunday)**.

The workshop was inaugurated by the Chief Guest, **Professor Niaz Ahmed Khan, Honorable Vice-Chancellor and Chairman, Quality Assurance Committee, University of Dhaka**.

**Professor Dr. Md. Shah Amran, Additional Director, IQAC, DU**, delivered the welcome address.

During the workshop, **Professor Dr. M. Rezaul Islam, Director of IQAC** delivered a presentation on “**How to Develop/Write a Grant-Winning Research Proposal**” as the keynote speaker. In his presentation, he highlighted key strategies for crafting successful research proposals and securing grants. He also emphasized the importance of preparing research proposals for **international funding opportunities** and guided publishing research in **high-impact, peer-reviewed journals**.

A total of **50 teachers and researchers** from various departments and institutes of the University participated in the workshop. During the session, participants raised several queries and shared their opinions on how such workshops could be made more effective. Some suggested organizing separate workshops at the faculty level to better address discipline-specific concerns. Additionally, participants emphasized the importance of establishing an **Institutional Review Board (IRB)** and ensuring the continuity of such workshops throughout the year.